

10/4/2021

# নেতাজি সুভাষ মুক্ত: পেল ন্যাক 'এ' গ্রেড

## আজকালের প্রতিবেদন

দেশের মধ্যে রাজ্য সরকার নিয়ন্ত্রণাধীন ১৪টি মুক্ত বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গের নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ) দেশের মধ্যে প্রথম ন্যাশনাল অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাক্রেডিটেশন কাউন্সিলের (ন্যাক)-এর 'এ'-গ্রেড স্বীকৃতি পেল। বৃহস্পতিবার সরকারি ভাবে এনএসওইউ এই স্বীকৃতি পায়।

দূর-শিক্ষার ক্ষেত্রে ইন্দিরা গান্ধী ন্যাশনাল মুক্ত বিশ্ববিদ্যালয় (আইজিএনওইউ) প্রথম ন্যাকের স্বীকৃতি পায়। এরপর পেল এনএসওইউ। ন্যাকের স্বীকৃতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মহলে খুশির হাওয়া। স্কুল অফ হিউম্যানিটিজ বিভাগের অধিকর্তা অধ্যাপক মননকুমার মণ্ডল জানালেন, 'এই স্বীকৃতি আধুনিক শিক্ষণ পদ্ধতি প্রসার করতে বেশি সহায়ক হবে। আরও বেশি সংখ্যক পড়ুয়ার কাছে পৌঁছতে পারব। নতুন নতুন কোর্স চালু করতে পারব।' অধ্যাপক অরিজিৎ ঘোষ জানালেন, 'ন্যাকের এই স্বীকৃতি বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নে আরও বেশি সহায়ক হবে।' এনএসওইউ-এর সেন্টার ফর ইন্টারনাল কোয়ালিটি অ্যাসুরেন্সের অধিকর্তা অধ্যাপক অনিবার্ণ ঘোষ জানালেন, 'দীর্ঘ দেড় বছর প্রচেষ্টার পর এই স্বীকৃতি। ন্যাক আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার গুণগত মান দেখে ৩.০৫ পয়েন্ট দিয়েছে।'